



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট



উপবৃত্তি নোটিশ


তারিখ: ২৬/০২/২০২৩ খ্রি:

এতদ্বারা সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক দরিদ্র শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে নির্ধারিত ফরম সংগ্রহ এবং পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ-পত্রসহ আগামী ০৫/০৩/২০২৩ খ্রি. রোজ রবিবারের মধ্যে কলেজে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো। অসম্পূর্ণ ও প্রয়োজনীয় কাগজ-পত্র ব্যতীত আবেদন সমূহ বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহন করা হবে না। ইহাতে কেহ ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

***বিঃদ্র: কোনো সরকারি উৎস থেকে উপবৃত্তিপ্ৰাপ্ত অথবা অভিভাবক কর্তৃক শিক্ষাভাতা গ্রহন অথবা বোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

যে সকল কাগজ-পত্র ও প্রয়োজনীয় তথ্যাদি ফরমের সাথে জমা দিতে হবে তা নিম্নরূপ:

- ১। আবেদন ফরম স্পষ্ট অক্ষরে পূরণ করতে হবে।
- ২। ফরমের নির্ধারিত স্থানে শ্রেণি রোল, শাখা, রেজিস্ট্রেশন নম্বর, প্রাপ্ত জি.পি.এ উল্লেখ করতে হবে।
- ৩। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে অথবা মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। (পিতা অথবা মাতা যার জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা আছে সেই একাউন্ট দিতে হবে)
- ৪। বিকাশ/রকেট/নগদ/শিওর ক্যাশ/এম ক্যাশ/উপায় মোবাইল ব্যাংকিং একাউন্ট নাম্বার প্রদান করতে হবে।
- ৫। নিজ ইউনিয়ন/পৌরসভা কর্তৃক অভিভাবকের বার্ষিক আয়ের মূল প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
- ৬। এক কপি পাসপোর্ট সাইজ ছবি ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে।
- ৭। এসএসসি/সমমান পাশের নম্বরপত্রের ফটোকপি ০১ (এক) টি।
- ৮। ছাত্র-ছাত্রীদের অন-লাইন ১৭ (সতেরো) ডিজিটের জন্ম নিবন্ধনের ফটোকপি ০১ (এক) টি।
- ৯। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ০১ (এক) টি করে।


২৬/০২/২০২৩

মোঃ সহিদুল ইসলাম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট
মোঃ সহিদুল ইসলাম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি ছাদ্দ আলতাফুন্নেছা কলেজ
ক্ষেতলাল, জয়পুরহাট
ইনভেন্ট্রি নং-০১৮৮৯০